# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ২ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ▶ জনাব রহমান তার সঞ্চিত ১০ লক্ষ টাকা ব্যাংকে জমা না রেখে ঝুঁকিমুক্ত কোনো বিনিয়োগ করতে চান এবং নির্দিষ্ট হারে নিশ্চিত মুনাফা আশা করেন। কিন্তু জনাব সোলেমান অধিক মুনাফার আশায় অধিক ঝুঁকি নিতেও প্রস্তুত।

ক. তারল্য কী? ১

খ. হস্তান্তরযোগ্য ঝুঁকি বলতে কী বোঝ? ২

গ. জনাব রহমান যদি আর্থিক বাজারের সিকিউরিটিজে বিনিয়োগ করতে চান তবে তিনি কোন ধরনের সিকিউরিটিজ ক্রয় করবেন তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের জনাব সোলেমান এর গৃহীত বিনিয়োগ সিদ্ধান্তটি অর্থায়নের কোন নীতির অন্তর্ভুক্ত? জনাব রহমান ও জনাব সোলেমানের বিনিয়োগ সিদ্ধান্তের তুলনামূলক চিত্র বিশ্লেষণ করো। ৪

**২.** ▶ মি. ওয়ারেন বাফেট বাংলাদেশের বড় শিল্প পণ্য রপ্তানিকারক। তিনি আমদানিকারকদের নিকট থেকে অঙ্গীকারপত্র, বিনিময় বিল ইত্যাদি পেয়ে থাকেন। এসব বিল বাজারে বিক্রয় করে তিনি আগাম অর্থসংস্থান করেন। তিনি তার শিল্পের সম্প্রসারণের জন্য বাজারে শেয়ার বিক্রয় করেন, বিশেষ ধরনের বন্ড বিক্রয়ের বিষয়টিও প্রক্রিয়াধীন। এগুলো বাজারে যথেষ্ট চাহিদা পাওয়ায় মূলধন সংস্থানে মি. ওয়ারেন বাফেটের কোনো সমস্যা হবে না।

ক. বাংলাদেশে কত সালের মানি লন্ডারিং আইন চালু হয়েছে? ১

খ. কোম্পানির স্মারকলিপি বলতে কী বোঝায়? ২

গ. মি. ওয়ারেন বাফেটের প্রাপ্ত বিলসমূহ কোন ধরনের বাজারে বিক্রয় হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মি. ওয়ারেন বাফেটের মতো ব্যবসায়ীদের মূলধন সংস্থানে পরের বাজারটি মুখ্য ভূমিকা রাখে।' বক্তব্যের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.** ▶ মি. আনিস ২৫ বছর বয়সী একজন কলেজ গ্রাজুয়েট। সম্প্রতি তিনি একটি নতুন চাকরিতে যোগদান করেছেন, সেখান থেকে তিনি ৪৫ বছর বয়সে অবসর গ্রহণ করতে চান। অবসরকালীন অন্যান্য আয় ছাড়াও মি. আনিস একটি আয়কর মুক্ত সঞ্চয়ী হিসাবে

Teachingbd24.com

প্রতি বছর ২,০০,০০০ জমা দিতে পারেন অথবা কিস্তিতে একটি ফ্ল্যাট কিনতে পারেন, যার মূল্য ২০ বছর পরে ৬০,০০,০০০ টাকা হবে। উল্লেখ্য, মি. আনিসের সুযোগ ব্যয় ১০.৭৫%।

ক. বার্ষিক বৃত্তি কাকে বলে? ১

খ. যে বিনিয়োগের মেয়াদ অসীম তার বর্তমানমূল্য নির্ণয়ের প্রক্রিয়া বর্ণনা করো। ২

গ. মি. আনিসকে ফ্ল্যাট ক্রয়ের জন্য প্রতি কিস্তিতে কত টাকা জমা দিতে হবে। ৩

ঘ. উদ্দীপকের মি. আনিসের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত হবে তা বিশ্লেষণ করো। ৪

৪. ▶ জনাব হাশেম সিটি ব্যাংকে করা তার সঞ্চয়ী হিসাবে মাসিক ভিত্তিতে ৫০০ টাকা করে ১০ বছর মেয়াদি স্কিমে জমা করার সিদ্ধান্ত নিয়েছেন। সিটি ব্যাংক বার্ষিক ১০% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে। জনাব কামরুল তার বাবার কাছ থেকে প্রাপ্ত অর্থ বিনিয়োগ করতে আগ্রহী। মুদি দোকান করলে সেখান থেকে আগামী ৪ বছরে যথাক্রমে ৫,০০০, ১০,০০০, ১৫,০০০ ও ২০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে পোলট্রি ফার্ম করলে আগামী ৪ বছর প্রত্যেক বছর ১৫,০০০ টাকা পাওয়া যাবে। সুযোগ ব্যয় হার ৮%।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. বিধি-৭২ কখন প্রযোজ্য হবে? বুঝিয়ে লেখ। ২

গ. সিটি ব্যাংকে জনাব হাশেমের ১০ বছর পরের মোট অর্থের পরিমাপ নির্ণয় করো। ৩

ঘ. জনাব কামরুলের জন্য উত্তম বিনিয়োগ প্রকল্প সুপারিশ করো। ৪

৫. ▶ একটি শার্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিটি শার্টের বিক্রয়মূল্য ৪৫০ টাকা। প্রতিষ্ঠানের স্থির ব্যয় ১০,০০,০০০ টাকা। প্রতিটি শার্টের পরিবর্তনশীল ব্যয় ২০০ টাকা। মুনাফা বৃদ্ধির কৌশল হিসেবে প্রতিষ্ঠানের ব্যবস্থাপক জনাব শাহীন আগামী বছর প্রতিটি শার্টের বিক্রয়মূল্য ৫০ টাকা কমিয়ে বিক্রয়ের সিদ্ধান্ত নিলেন এবং ৮,০০০টি শার্ট বিক্রয় করে ১০,০০,০০০ টাকা মুনাফা অর্জনের পরিকল্পনা গ্রহণ করেছেন।

ক. ফ্রি নগদ প্রবাহ কী? ১

খ. সমচ্ছেদ বিন্দুর উপর প্রভাব বিস্তারকারী উপাদানগুলো কী কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত স্বাভাবিক অবস্থায় কত টাকার শার্ট বিক্রয় করলে প্রতিষ্ঠানের লাভ-ক্ষতি কিছুই হবে না নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিবর্তিত পরিস্থিতিতে জনাব শাহিনের বাস্তবায়ন সম্ভব কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৬. ▶ নিম্নের মডার্ণ ফুড কোম্পানি লিমিটেডের কিছু তথ্য দেয়া হলো :

| | |
|---|---|
| বার্ষিক মোট বিক্রয় | ৬০,০০০ একক |
| গোডাউন ভাড়া (বাৎসরিক) | ৬০,০০০ টাকা |
| কারখানার বিল্ডিং ভাড়া (বাৎসরিক) | ৮০,০০০ টাকা |
| অফিস ভাড়া (মাসিক) | ৫,০০০ টাকা |
| প্রতি এককের বিক্রয়মূল্য | ৪০ টাকা |
| প্রতি এককের পরিবর্তনশীল ব্যয় | ২৪ টাকা |

ক. সমচ্ছেদ বিন্দু বলতে কী বোঝ? ১

খ. সমচ্ছেদ বিন্দু একক ও টাকায় কেন নির্ণয় করা হয়? ২

গ. উদ্দীপকের আলোকে কোম্পানির ব্যবস্থাপক ৪০,০০০ টাকা মুনাফা করতে চাইলে কত একক বিক্রয় করতে হবে? ৩

ঘ. উদ্দীপকটিতে যদি প্রতি এককের বিক্রয়মূল্য ১০% বৃদ্ধি করা হয় তবে সমচ্ছেদ বিন্দুর উপর কী প্রভাব পড়বে? বিশ্লেষণ করো। ৪

৭. ▶ ABC কোম্পানি লি. এর বছরে ১০ হাজার একক বল বেয়ারিং প্রয়োজন। প্রত্যেক বেয়ারিং এর দাম ৭৫ টাকা এবং বহন খরচ প্রতি একক ২ টাকা। ফরমায়েশ প্রতি ১৫০ টাকা। প্রতিষ্ঠানটির ক্রয় আদেশ দেয়ার পর পণ্য পৌঁছাতে ৪ দিন সময় লাগে। এজন্য কোম্পানি ক্রেতাদের চাহিদা নিশ্চিত করতে নিরাপত্তা মজুদ হিসাবে ৬০০ একক পণ্য সংরক্ষণ করে। কিন্তু প্রাকৃতিক দুর্যোগের কারণে পণ্য পৌঁছাতে ৭ দিন সময় লেগে যায়।

ক. ব্যবসায় ঋণ কী? ১

খ. মজুদ করা হয় কেন? ২

গ. উদ্দীপকের আলোকে EOQ নির্ণয় করো। ৩

ঘ. প্রাকৃতিক দুর্যোগের কারণে পণ্য পৌঁছাতে দেরি হওয়ায় মজুদ ব্যবস্থার কোনো সমস্যা হবে কী? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

৮. ▶ জনাব বুবেল দীর্ঘ প্রবাস জীবন কাটিয়ে দেশে ফিরে তার কষ্টার্জিত সঞ্চয় লাভজনক খাতে বিনিয়োগ করতে চান। তিনি বাজার যাচাই করে ২টি বন্ডের সন্ধান পান। এ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| বন্ড | অভিহিত মূল্য | কুপন সুদের হার | মেয়াদ |
|---|---|---|---|
| M | ১,০০০ | ১৪% | – |
| Q | ৫০০ | ১১% | ৫ বছর |

জনাব বুবেলের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. ঋণপত্র কী? ১

খ. মুদ্রাস্ফীতি কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকে বর্ণিত Q বন্ডের মূল্য নির্ণয় করো। ৩

ঘ. যদি Q বন্ড থেকে অর্ধ-বার্ষিক ভিত্তিতে সুদ পাওয়া যায়, তাহলে কোন বন্ডে অর্থ বিনিয়োগ করা উচিত? মন্তব্য করো। ৪

Teachingbd24.com

৯. ▶ Nahid Tex লি.-এর মোট মূলধনের ৫০% হলো সাধারণ শেয়ার মূলধন যা ১০০ টাকা করে ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। এ ছাড়া অবশিষ্ট মূলধনের মধ্যে ৬০,০০,০০০ টাকার ১২% অগ্রাধিকার শেয়ার মূলধন এবং ৪০,০০,০০০ টাকার ১০% ঋণ মূলধন আছে। Nahid Tex লি. ২০১৬ সালে ১০ টাকা নগদ লভ্যাংশ প্রদান করে এবং তা প্রতি বছর ৫% হারে বৃদ্ধি পাবে বলে আশা করছে। বর্তমানে কোম্পানির প্রতিটি শেয়ার ১১০ টাকা করে বিক্রি হচ্ছে। উল্লেখ্য Nahid Tex লি.-এর ব্যবহার ৪০%।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. অগ্রাধিকার শেয়ার বলতে কী বোঝায়? ২

গ. Nahid Tex লি.-এর মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. ঋণ মূলধনের ৫০% সাধারণ শেয়ারে রূপান্তর করা হলে Nahid Tex লি.-এর মূলধন ব্যয়ের ওপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ করো। ৪

১০. ▶ রহিম আফরোজ লি. একটি নতুন প্রকল্পের কথা বিবেচনা করছে যেখানে তারা অত্যাধুনিক ব্যাটারি প্রস্তুত করবে। প্রকল্পটির জন্য প্রাথমিক বিনিয়োগ ৫,০০,০০০ টাকা দরকার হবে। কোম্পানি প্রত্যাশা করছে এই প্রকল্প থেকে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বছর যথাক্রমে ২,০০,০০০ টাকা, ২,৫০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা এবং ১,৯০,০০০ টাকা নগদ আন্তঃপ্রবাহ হবে। ফার্মের সুযোগ ব্যয় ১৩.৫০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন বরাদ্দকরণ বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্পটির আন্তঃআয় হার নির্ণয় করো। ৩

ঘ. রহিম আফরোজ লি.-এর এই প্রকল্পে বিনিয়োগ করা উচিত কিনা? ৪

১১. ▶ মনে কর, আই.পি.এস কলেজ-এর দুটি প্রকল্পে বিনিয়োগের সুযোগ আছে। প্রকল্প দুটি হলো M ও N। প্রকল্প দুটির অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| প্রকল্প M | | প্রকল্প N | |
|---|---|---|---|
| নগদ আন্তঃপ্রবাহ | সম্ভাবনা বিন্যাস | নগদ আন্তঃপ্রবাহ | সম্ভাবনা বিন্যাস |
| ৬০,০০০ | ৬০ | ৫০,০০০ | ৫০ |
| ১০,০০০ | ১০ | ২০,০০০ | ৩০ |
| ১০,০০০ | ২০ | ১০,০০০ | ১০ |
| ২০,০০০ | ১০ | ২০,০০০ | ১০ |

ক. ঝুঁকি কী? ১

খ. প্রত্যাশিত মুনাফা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের তথ্যাবলি অবলম্বনে প্রকল্প M-এর পরিমিত ব্যবধান নির্ণয় করো। ৩

ঘ. প্রকল্প M ও N-এর মধ্যে কোন প্রকল্পটি ঝুঁকিপূর্ণ মন্তব্য করো। ৪

https://teachingbd24.com

বিষয় কোড : ২ ৯ ২

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

সময় ৪৩০ মিনিট — পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ৪ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. **অর্থায়নের সাধারণ অর্থ কোনটি?**
ⓚ আয় ⓖ ব্যয়
ⓖ সঞ্চয় ⓖ বিনিয়োগ

২. **তারল্য ও দেউলিয়াত্ব ঝুঁকির মধ্যে সম্পর্ক কী?**
ক) ধনাত্মক খ) ঋণাত্মক
গ) নিরপেক্ষ ঘ) আনুপাতিক

৩. **অর্থায়নের কার্যাবলি হচ্ছে—**
i. তহবিল বন্টন
ii. তহবিল সংগ্রহ
iii. মূলধন বাজেটিং সিদ্ধান্ত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. **অর্থায়নের নীতিসমূহ হলো—**
i. ঝুঁকি মুনাফা নীতি
ii. তারল্য মুনাফা নীতি
iii. শেয়ার মূল্যবৃদ্ধি নীতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. **মানি লন্ডারিং আইনে কোন ব্যক্তির অপরাধ প্রমাণিত হলে সর্বোচ্চ সাজা কত বছর হবে?**
ক) ৮ বছর খ) ১২ বছর
গ) ২০ বছর ঘ) ২৫ বছর

৬. **কোনটি মুদ্রাবাজারের হাতিয়ার?**
ক) ঋণপত্র খ) শেয়ার
গ) বাণিজ্যিকপত্র ঘ) বন্ড

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রাশেদ একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি বাংলাদেশ ব্যাংকের কোন মাধ্যম ব্যবহার না করে ৫ লক্ষ টাকা গোপনে মালয়েশিয়ায় হস্তান্তর করলেন।

৭. **মি. রাশেদ কোন ধরনের অপরাধ করেছেন?**
ক) দেওয়ানি অপরাধ
খ) মুদ্রাবাজার অপরাধ
গ) ফৌজদারি অপরাধ
ঘ) মানি লন্ডারিং অপরাধ

৮. **মি. রাশেদকে কত টাকা জরিমানা দিতে হবে?**
ক) ৫ লক্ষ খ) ৭.৫ লক্ষ
গ) ১০ লক্ষ ঘ) ১২.৫০ লক্ষ

৯. **বার্ষিক চক্রবৃদ্ধির ধারা কোনটি?**
ক) ৬৯ খ) ৭০
গ) ৭১ ঘ) ৭২

১০. **কার্যকরি সুদের হার নির্ণয়ের সূত্র কোনটি?**
ক) $EIR = (1 + i)^n - 1$
খ) $EIR = \left(1 + \frac{i}{m}\right)^m - 1$
গ) $EIR = \left(1 + \frac{i}{m}\right)^{nm} - 1$
ঘ) $EIR = \left(1 + \frac{i}{m}\right)^n - 1$

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব ফাহাদ প্রতিবছর ১,০০০ টাকা করে ব্যাংকে জমা রাখেন ৩ বছরের জন্য। বিনিয়োগের হার ১৫%।

১১. **৩ বছর পরে জনাব ফাহাদ মোট কত টাকা পাবেন?**
ক) ৩,৪৭৩ টাকা খ) ৩,৫৭৪ টাকা
গ) ৫,০৭৩ টাকা ঘ) ৫,২০০ টাকা

১২. **যদি জনাব ফাহাদ বিনিয়োগটি পহেলা জানুয়ারি থেকে শুরু করেন তবে ৩ বছর পর তিনি কত টাকা পাবেন?**
ক) ৩,৪০০ টাকা খ) ৩,৫৯৯ টাকা
গ) ৩,৯৯৩ টাকা ঘ) ৪,০২৯ টাকা

১৩. **৩/১৫, নিট ৪৫ শর্তে ব্যবসায় ঋণের ব্যয় কত?**
ক) ৩৭.১১% খ) ৩৮.২২%
গ) ৩৯.৩৩% ঘ) ৪০.৪৪%

১৪. **ব্যবসায় ঋণ কোন ধরনের ঋণ?**
ক) নগদ ঋণ খ) জমাতিরিক্ত ঋণ
গ) সাধারণ ঋণ ঘ) জামানতহীন ঋণ

১৫. **স্বল্পমেয়াদি অর্থায়নের উৎস নিচের কোনটি?**
ক) সাধারণ শেয়ার খ) বাণিজ্যিক শেয়ার
গ) ঋণপত্র ঘ) অগ্রাধিকার শেয়ার

১৬. **কোম্পানির আয় ও সম্পদ থেকে কাদের পাওনা সর্বপ্রথম পরিশোধ করতে হবে?**
ক) সাধরণ শেয়ারহোল্ডার
খ) অগ্রাধিকার শেয়ারহোল্ডার
গ) বন্ডহোল্ডার
ঘ) সরকার

teachingbd24.com
https://teachingbd24.com

১৭. দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস কোনটি?
ক) ব্যবসায় ঋণ  খ) ট্রেজারি বিল
গ) বাণিজ্যিক দলিল  ঘ) সাধারণ শেয়ার

১৮. বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন রেট ৮%। বর্তমান বন্ডটি বিক্রয় হচ্ছে ৯৭০ টাকায়। চলতি বন্ড কত?
ক) ৬%  খ) ৭.৫%
গ) ৮%  ঘ) ৮.২৪%

১৯. 'সুযোগ ব্যয়' অর্থায়নের কোন উৎসের সাথে সংশ্লিষ্ট?
ক) সংরক্ষিত তহবিল  খ) অগ্রাধিকার শেয়ার
গ) ঋণপত্র  ঘ) সাধারণ শেয়ার

২০. ঋণ মূলধন ব্যবহার করলে হয়—
ক) সুদ হ্রাস  খ) বেশি লাভ
গ) কর হ্রাস  ঘ) শেয়ারের মূল্য বৃদ্ধি

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**

ABC লি.-এর শেয়ারের বর্তমান বাজারমূল্য ১৫০ টাকা। কোম্পানিটি প্রতি বছর ১২ টাকা করে লভ্যাংশ প্রদান করে।

২১. ABC কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় কত?
ক) ৭%  খ) ৮%
গ) ৯%  ঘ) ১০%

২২. যদি লভ্যাংশ বৃদ্ধির হার ২% এবং উত্তরণ ব্যয় বাজারমূল্যের ৫% হয় তবে সাধারণ শেয়ারের ব্যয় কত হবে?
ক) ৭.৫৮%  খ) ৮.৫৮%
গ) ৯.৫৮%  ঘ) ১০.৫৮%

২৩. মূলধন বাজেটিং সিদ্ধান্ত, একটা প্রতিষ্ঠানের জন্য কেমন প্রক্রিয়া?
ক) স্বল্পমেয়াদি  খ) মধ্যমেয়াদি
গ) স্বল্প-মধ্যমেয়াদি  ঘ) দীর্ঘমেয়াদি

২৪. যখন মূলধন ব্যয়ের হার ১০% এবং নিট বর্তমান মূল্যের পরিমাণ ০ হয় তখন অভ্যন্তরীণ আয়ের হার কত হবে?
ক) ৫%  খ) ১০%
গ) ১৫%  ঘ) ২০%

২৫. গড় মুনাফার হার নির্ণয়ের প্রয়োজন হয়—
i. বছরের সংখ্যা
ii. নিট মুনাফা
iii. গড় বিনিয়োগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৬. ঝুঁকি পরিমাপের সবচেয়ে গ্রহণযোগ্য পদ্ধতি কোনটি?
ক) বিভেদাঙ্ক  খ) গড়
গ) ভেদাঙ্ক  ঘ) আদর্শ বিচ্যুতি

২৭. ভেদাঙ্ক ও পরিমিত ব্যবধানের সাহায্যে কোনটি করা হয়?
ক) মোট ঝুঁকি পরিমাপ
খ) বাজার ঝুঁকি পরিমাপ
গ) একক ঝুঁকি পরিমাপ
ঘ) কোনটি নয়

২৮. CAPM-এর পূর্ণরূপ হলো—
ক) Capital Asset Pricing Method
খ) Capital Asset Pricing Model
গ) Capital Asset Product Method
ঘ) Capital Asset Product Model

২৯. সমচ্ছেদ বিন্দু নির্ণয়ের ক্ষেত্রে প্রভাব বিস্তারকারী উপাদান—
i. স্থায়ী ব্যয়
ii. পরিবর্তনশীল ব্যয়
iii. সুযোগ ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

ABC কোম্পানি লিমিটেডের বিক্রয় ২০,০০০ একক, প্রতি একক বিক্রয়মূল্য ৫০ টাকা, প্রতি একক পরিবর্তনশীল ব্যয় ৩০ টাকা, স্থির ব্যয় ২,০০,০০০ টাকা।

৩০. ABC কোম্পানি নিরাপদ প্রান্ত টাকায় কত হবে?
ক) ৪,০০,০০০ টাকা
খ) ৫,০০,০০০ টাকা
গ) ৬,০০,০০০ টাকা
ঘ) ৭,০০,০০০ টাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd24.com